

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়:ফেব্রুয়ারির গান
লুৎফর রহমান রিটন

তারিখ:২২/১০/২০

কবিতাটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- নানা সুরের নানা রকম পাখিদের বর্ণনা
- বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা
- মহান ২১ শে ফেব্রুয়ারি সম্পর্কে বর্ণনা
- মাতৃভাষার প্রতি ভালোবাসার বর্ণনা
- ভাষা আন্দোলনের শহিদদের নাম

কবিতাটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি বাঙালিদের কাছে বিশেষভাবে স্মরণীয় একটি দিন । বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ছাত্রসমাজ এ দিন আন্দোলনের নামে । কিন্তু পাকিস্তানি সরকারের নির্দেশে পুলিশ সে মিছেলে গুলি চালায় । এতে সালাম, বরকত, রফিক, শফিক, জব্বারসহ আরও অনেক শহিদ হন । ফেব্রুয়ারির গান কবিতায় যেসব ভাষা শহিদের অবদান তুলে ধরা হয়েছে এবং তাঁদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে ।

সম্পূর্ণ কবিতাটি পড়বে ।

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

মুগ্ধ=বিমোহিত

উর্মি=নদী ও সাগরের ঢেউ

উমিমালা=ঢেউসমূহ, ঢেউগুলো

শ্রোতস্বিনী=নদী

সমুদ্র=সমুদ্র, সাগর

বাহার=সৌন্দর্য

স্বর্ণলতা=সোনালি রঙের বুনো লতা

প্রতিধ্বনি=বাতাসের ধাক্কায় ধ্বনির পুনরায় ফিরে আসাকে প্রতিধ্বনি বলে ।

কবিতার মূলভাব পড়বে:

*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. ফেরুয়ারি গান কবিতায় বর্ণিত কোন কোন পাখি গান গাইতে পারে?
২. কার গান ও সুরে সবার প্রাণ মুগ্ধ হয়?
৩. শ্রোতস্বিনীর অর্থ কী?
৪. কে সুরের পাহাড় ছড়ায়?
৫. পাহাড় কোথায় সুরের পাহাড় ছড়ায়?
৬. কীভাবে পাহাড় সুরের বাহার ছড়ায়?
৭. কার গানে মুগ্ধ পাতা ও স্বর্ণলতা?
৮. প্রজাপতি কিভাবে ফুলের সাথে কথা বলে?
৯. লেখক কোন ভাষায় গানের কথা বলেন?
১০. গান গাইতে পারে এমন কিছু পাখির নাম লেখ ।
১১. সাগরে মন ভোলানো সুর বলতে কী বুঝিয়েছে?
১২. সাগরের আরেক নাম কী?
১৩. কে ঝরনা-প্রকৃতিতে সুরের বাহার ছড়ায়?
১৪. কখন বাতাসে তার প্রতিধ্বনি ছড়ায়?
১৫. কারা গাছের গান শুনে মুগ্ধ হয়েছে?
১৬. কে ফুলের সাথে কথা বলে?

১৭. কবি কোন ভাষায় কথা বলে?

১৮. বাংলা ভাষা কাদের দান ছিল?

১৯. কবির মতে ফেব্রুয়ারির গান কী দিয়ে লেখা হয়েছে?

যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

ব্র, প্র, ধ্ব, চ্ছ, স্ব, দ্ব, কৃ, ধ্ব, ষ, ঞ, ণ, ঙ, জ,

সাহানা পারভীন সুমি